ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

www.iau.edu.bd

স্মারক নং ইআবি/রেজি/নিয়োগ/২০১৬/৫৫৭৭ তারিখ: ২৪-০৫-২০১৮ খ্রিস্টাব্দ

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বিগত ২১/০৮/২০১৭ তারিখের স্মারক নং ইআবি/রেজি/নিয়োগ-২/২০১৬/৩৫৬১ এবং ০৪/০২/২০১৮ তারিখের স্মারক নং ইআবি/রেজি/নিয়োগ-৪/২০১৬/৪৭৩৫ অনুযায়ী যথাক্রমে গত ২২/০৮/২০১৭ তারিখে দৈনিক ইত্তেফাক, দৈনিক ইনকিলাব ও New Age পত্রিকা এবং ০৫-০২-২০১৮ তারিখে দৈনিক যুগান্তর, দৈনিক আলোকিত বাংলাদেশ ও New Nation পত্রিকায় প্রকাশিত ০২ (দুই)টি নিয়োগ বিজ্ঞপ্তি একীভূত করে সংশোধিত আকারে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে নিম্নলিখিত স্থায়ী শূন্য পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে:

ক্রম	পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) পদের সংখ্যা এবং বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গ্রেড-৫ (৪৩০০০-৬৯৮৫০/-) পদের সংখ্যা : ০১টি	৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি, সকল পর্যায় ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সমমান সিজিপিএ (২.০০) থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সি গ্রেড গ্রহণযোগ্য নয়। বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ডিগ্রি পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা ও পরীক্ষা সংক্রান্ত কাজে কর্মকর্তা হিসাবে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়/খ্যাতিমান শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক পদে ৫ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে।
০২	উপ-রেজিস্ট্রার গ্রেড-৫ (৪৩০০০-৬৯৮৫০/-) পদের সংখ্যা : ০২টি	৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি, সকল পর্যায় ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সমমান সিজিপিএ (২.০০) থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সি গ্রেড গ্রহণযোগ্য নয়। বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ডিগ্রি পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা ও প্রশাসন সংক্রান্ত কাজে কর্মকর্তা হিসাবে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়/খ্যাতিমান শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী রেজিস্ট্রার পদে ৫ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে।
০৩	প্রোগ্রামার গ্রেড-৬ (৩৫,৫০০-৬৭০১০/-) পদের সংখ্যা : ০১টি	কম্পিউটার সায়েন্সে স্নাতক (সম্মান)/বি.এসসি ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার) ডিগ্রি। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমান সিজিপিএ গ্রহণযোগ্য নয়। UNIX সিস্টেম, ওরাকল ডাটাবেজ সিস্টেম ক্লায়েন্ট/সার্ভার এপ্লিকেশন ও ডিজাইন সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতাসহ প্রোগ্রামিং-এ ৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা সহকারী কম্পিউটার প্রোগ্রামার হিসাবে ৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
০৪	সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক গ্রেড-৭ (২৯,০০০-৬৩,৪১০/-) পদের সংখ্যা : ০৪টি	৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি, সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমান সিজিপিএ (২.০০) থাকিতে হইবে। শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ডিগ্রি পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা ও পরীক্ষা সংক্রান্ত কাজে কর্মকর্তা হিসাবে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৫	সহকারী রেজিস্ট্রার গ্রেড-৭ (২৯,০০০-৬৩,৪১০/-) পদের সংখ্যা : ০৬টি	৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি, সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমান সিজিপিএ (২.০০) থাকিতে হইবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ডিগ্রি পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে প্রশাসন/শিক্ষা প্রশাসন সংক্রান্ত কাজে কর্মকর্তা হিসাবে কমপক্ষে ০৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৬	সহকারী প্রোগ্রামার গ্রেড-০৯ (২২০০০-৫৩০৬০/-) পদের সংখ্যা : ০২টি বয়স: সর্বোচ্চ ৩০ বছর	কম্পিউটার সায়েন্সে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান)/বি.এস.সি ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার) ডিগ্রি। শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ/সমমান সিজিপিএ গ্রহণ যোগ্য নয়।
০৭	সেকশন অফিসার গ্রেড-০৯ (২২০০০-৫৩০৬০/-) পদের সংখ্যা : ৪১টি বয়স: সর্বোচ্চ ৩০ বছর	৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিতে ২য় বিভাগ/শ্রেণি/সমমান সিজিপিএ (২.০০) থাকিতে হইবে। কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।

০৮	এ্যাকাউন্টস অফিসার/নিরীক্ষা অফিসার গ্রেড-০৯ (২২০০০-৫৩০৬০/-) পদের সংখ্যা : ০৩টি বয়স: সর্বোচ্চ ৩০ বছর	বাণিজ্য অনুষদ/বিভাগের যে কোন বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি/বিবিএ ও এমবিএ/পাস কোর্সে বিকম ও এমকম পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণি/সমমান সিজিপিএ (২.০০) প্রাপ্ত হইতে হইবে। কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।
০৯	অডিট অফিসার গ্রেড-০৯ (২২০০০-৫৩০৬০/-) পদের সংখ্যা : ০১টি বয়স: সর্বোচ্চ ৩০ বছর	বাণিজ্য অনুষদ/বিভাগের যে কোন বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি/পাস কোর্সে বিকম ও এমকম পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণি/সমমান সিজিপিএ (২.০০) প্রাপ্ত হইতে হইবে। কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।
১০	অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১১ (১২,৫০০-৩০,২৩০/-) পদের সংখ্যা : ১৬টি বয়স: ১৮-৩০ বছর	কমপক্ষে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি এবং কম্পিউটারে পারদর্শী হইতে হইবে।
১১	ডাটা এন্ট্রি অপারেটর ইউজিসির অনুমোদন সাপেক্ষে বেতন গ্রেড নির্ধারণ করা হইবে। পদের সংখ্যা : ০২টি বয়স: ১৮-৩০ বছর	উচ্চ মাধ্যমিক পাস। কম্পিউটারে অভিজ্ঞতাসহ ডাটা এন্ট্রি কাজে স্ট্যান্ডার্ড এপ্টিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে।
১২	ক্যাশিয়ার ইউজিসির অনুমোদন সাপেক্ষে বেতন গ্রেড নির্ধারণ করা হইবে। পদের সংখ্যা : ০১টি বয়স: ১৮-৩০ বছর	কমপক্ষে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি এবং সংশ্লিষ্ট কাজে ও কম্পিউটারে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।
১৩	স্টোর কিপার ইউজিসির অনুমোদন সাপেক্ষে বেতন গ্রেড নির্ধারণ করা হইবে। পদের সংখ্যা : ০১টি বয়স: ১৮-৩০ বছর	ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি এবং সংশ্লিষ্ট কাজে ও কম্পিউটারে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।
১৪	ড্রাইভার/গাড়ী চালক গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) পদের সংখ্যা : ০৮টি বয়স: ১৮-৩০ বছর	এসএসসি পাস। বি আর টি এ হইতে গাড়ী চালনার লাইসেন্স থাকিতে হইবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইতে পারে।
১৫	ফটোমেশিন অপারেটর গ্রেড-১৮ (৮৮০০-২১৩১০/-) পদের সংখ্যা : ০১টি বয়স: ১৮-৩০ বছর	এইচএসসি পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।
১৬	এমএলএসএস/অফিস সহায়ক গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) পদের সংখ্যা : ২৪টি বয়স: ১৮-৩০ বছর	এসএসসি পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইতে পারে।
১৭	মালী গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) পদের সংখ্যা : ০১টি বয়স: ১৮-৩০ বছর	এসএসসি পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইতে পারে।
১৮	নিরাপত্তা প্রহরী গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) পদের সংখ্যা : ০৩টি বয়স: ১৮-৩০ বছর	নিরাপত্তা কাজে প্রশিক্ষণসহ এসএসসি পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইতে পারে।
১৯	কুক গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) পদের সংখ্যা : ০১টি বয়স: ১৮-৩০ বছর	এসএসসি পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইতে পারে।
২০	ক্লিনার/সুইপার গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) পদের সংখ্যা : ০৩টি বয়স: ১৮-৩০ বছর	এসএসসি পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

শর্তাবলী

১. আগ্রহী প্রার্থীকে বর্ণিত পদের জন্য বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে। আবেদনের নির্ধারিত ফরম ২৫ মে ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ হইতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd এ পাওয়া যাইবে।

২. আবেদন ফরম পূরণ করিয়া ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ১০ জুন ২০১৮ তারিখের মধ্যে অফিস সময়ে (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত) ০৬ সেট আবেদনপত্র রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ ঠিকানায় পৌঁছাইতে হইবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র কোনভাবেই গ্রহণযোগ্য হবে না।

৩. 'রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়', অগ্রনী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকা এর অনুকূলে অগ্রণী ব্যাংক-এর যে কোন শাখা হইতে গৃহীত ক্রমিক নং-০১ থেকে ০৯ পর্যন্ত ১০০০/- (এক হাজার) টাকা এবং ক্রমিক নং- ১০ থেকে ২০ পর্যন্ত ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৪. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি রঙ্গিন সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে।

৫. সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট-এর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

৬. অভিজ্ঞতা সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

৭. জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ-এর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

৮. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করিতে হইবে।

৯. বিজ্ঞাপিত পদে নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুসারে সকল প্রকারের কোটা অনুসরণ করা হইবে।

১০. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনী হিসেবে চাকরি প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব কর্তৃক স্বাক্ষরিত অথবা ১৯৯৭ হইতে ২০০১ সাল পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত মূল সনদের সত্যায়িত কপি এবং জেলা কোটাসহ অন্যান্য বিশেষ কোটার ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করিতে হইবে।

১১. খামের উপরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করিতে হইবে।

১২. প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ১০ টাকার ডাকটিকিট সংযুক্ত ২৫×১১ সেঃমিঃ/১০×৪.৫ ইঞ্চি সাইজের দু'টি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযোজন করিতে হইবে।

১৩. চাকরিরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।

১৪. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স-এর শর্ত শিথিলযোগ্য।

১৫. প্রার্থীদের পরীক্ষা/নির্বাচনী বোর্ডের তারিখ ও সময় ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৬. সাক্ষাৎকারের সময় মূল সনদ ও অন্যান্য কাগজপত্রের মূলকপি সঙ্গে আনিতে হইবে।

১৭. *নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না।* আবেদনপত্রের সাথে সংযুক্ত অন্যান্য কাগজপত্র ফেরৎ দেওয়া হইবে না।

১৮. বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৯. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে।

২০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল অথবা নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/সংশোধন/বাতিল ও পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

২১. **গত ২১/০৮/২০১৭ তারিখের স্মারক নং ইআবি/রেজি/নিয়োগ-২/২০১৬/৩৫৬১ এবং ০৪/০২/২০১৮ তারিখের স্মারক নং ইআবি/রেজি/নিয়োগ-৪/২০১৬/৪৭৩৫ এর নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যাহারা আবেদন করিয়াছেন তাহাদের এই সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী পুনরায় আবেদন করিবার প্রয়োজন নাই।**

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

২৪/৫/২০১৮

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।